দৈনিক বাংলা

তারিখ ১৪।৩।৮২.
পৃষ্ঠা...

৫৩০

451

# ফি'র টাকা মেরে শিক্ষক উধাও : ৮৭ জনের এসএসসি পরীক্ষা দেয়া হলো না

(নিজস্ব সংবাদদাতা)

জামালপুর, ১৩ই মার্চ।—জেলার ডুয়াইল হাইস্কুলের ৮৭ জন পরীক্ষার্থী এসএসসি পরীক্ষা দিতে পারেনি। গতকাল সরিষাবাড়ি হাইস্কুল কেন্দ্রে পরীক্ষা দিতে এসে তারা ফিরে গেছে।

অভিযোগে প্রকাশ, সরিষাবাড়ি থানার ডুয়াইল হাইস্কুলের প্রধান শিক্ষক এই ৮৭ জন ছাত্রের কাছ থেকে পরীক্ষার ফি ও অন্যান্য খরচ বাবদ মাথাপিছু এক হাজার টাকা হিসেবে মোট ৮৭ হাজার টাকা আদায় করেন। উক্ত প্রধান শিক্ষক এই ছাত্রদের পরীক্ষার প্রস্তুতি নিতে বলেন এবং তাদের ফরম পূরণ করে বোর্ডে পাঠিয়ে দেন।

এই ৮৭ জন ছাত্র তাদের প্রধান শিক্ষকের নির্দেশ মত সরিষাবাড়ি হাইস্কুল কেন্দ্রে পরীক্ষা দিতে আসে। পরীক্ষার হলে রোল নম্বর খুঁজে না পেয়ে তারা সরিষাবাড়ি হাইস্কুলের প্রধান শিক্ষকের উপর চড়াও হয়। খবর পেয়ে জামালপুরের মহকুমা প্রশাসক এবং ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের একজন ডেপুটি সেক্রেটারী ঘটনাস্থলে পৌঁছেন। ডেপুটি সেক্রেটারী বলেন যে উল্লিখিত ৮৭ জন ছাত্রের বোর্ডে কোন রেজিস্ট্রেশন নেই। তিনি বলেন, উক্ত প্রধান শিক্ষক ভুয়া তালিকা তৈরি করে বোর্ডে পাঠিয়েছেন। তিনি এ ব্যাপারে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করায় ছাত্ররা ক্ষান্ত হয়।

উল্লেখ্য, ঘটনার সময় থেকে ডুয়াইল হাইস্কুলের প্রধান শিক্ষকের খোঁজ পাওয়া যাচ্ছে না। আরও উল্লেখ্য, চলতি পরীক্ষার ফি নির্ধারিত ছিল ১৫০ টাকা। কিন্তু ডুয়াইল হাইস্কুলের উক্ত প্রধান শিক্ষক পরীক্ষার ফি ও অন্যান্য খরচ বাবদ মাথাপিছু এক হাজার টাকা আদায় করেন।